গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
জাতীয় জনসংখ্যা গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট (নিপোর্ট)
১৩/১শেখ সাহেব বাজাররোড, আজিমপুর, ঢাকা-১২০৫।
www.niport.gov.bd

নং-৫৯.১২.০০০০.০০১.১১.৫৯৪.১৯- ৯৮ | তারিখ: ২৪ জ্যৈষ্ঠ ১৪২৭ / ০৭ জুন ২০২০

## নিয়োগ বিজ্ঞপ্তি

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের ৫.১২.২০১৯ তারিখের ৫৯.০০.০০০০.১১০. ১১.০১২.১৭.৫২৩ নম্বর স্মারকের প্রেক্ষিতে জাতীয় জনসংখ্যা গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট (নিপোর্ট) ও এর আওতাধীন আঞ্চলিক জনসংখ্যা প্রশিক্ষণ ইনস্টিটিউট (আরপিটিআই) এবং আঞ্চলিক প্রশিক্ষণ কেন্দ্র (আরটিসি) এর রাজস্ব খাতভুক্ত নিম্নবর্ণিত শূন্যপদে অস্থায়ী ভিত্তিতে জনবল নিয়োগের নিমিত্ত বাংলাদেশের স্থায়ী নাগরিকদের নিকট হতে আবেদনপত্র আহবান করা যাচ্ছে।

| ক্রম | পদের নাম, গ্রেড ও বেতনস্কেল (জা.বে.স্কেল, ২০১৫ অনুযায়ী) | পদের সংখ্যা | বয়স | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা | যে সকল জেলার প্রার্থীদের আবেদন করার প্রয়োজন নেই |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| ০১. | সহকারী প্রশিক্ষক<br>গ্রেড-১১<br>বেতন স্কেল-<br>১২৫০০-৩০২৩০ | ১০ | অনূর্ধ্ব ৩০ বছর। | (ক) কোন স্বীকৃত ইনস্টিটিউট হতে নার্সিং বিষয়ে ডিপ্লোমা অথবা FWV (Family Welfare Visitor) প্রশিক্ষণ/ ডিপ্লোমা;<br>(খ) বাংলাদেশ নার্সিং কাউন্সিল কর্তৃক রেজিস্ট্রেশন প্রাপ্ত; এবং<br>(গ) কোন সরকারি/স্বায়ত্বশাসিত সংস্থায় নার্সিং এর কাজে ৪(চার) বৎসরের অথবা পরিবার কল্যাণ পরিদর্শন কাজে ৫(পাঁচ) বছরের বাস্তব কর্ম অভিজ্ঞতা থাকতে হবে। | গাজীপুর, ফরিদপুর, টাঙ্গাইল, চাঁদপুর, কুমিল্লা, ফেণী, রাজশাহী, সিরাজগঞ্জ, পঞ্চগড়, ঠাঁকুরগাও, বাগেরহাট, নড়াইল, বরিশাল, পিরোজপুর (তবে এতিম ও শারীরিক প্রতিবন্ধী কোটায় আবেদনের ক্ষেত্রে সকল জেলা প্রযোজ্য হবে) |
| ০২. | সাঁটলিপিকার কাম কম্পিউটার অপারেটর<br>গ্রেড-১৩<br>বেতন স্কেল-<br>১১০০০-২৬৫৯০ | ০২ | অনূর্ধ্ব ৩০ বছর। তবে বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে বয়সসীমা ৪০ (চল্লিশ) বছর পর্যন্ত শিথিলযোগ্য। | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক বা সমমানের ডিগ্রি;<br>(খ) কম্পিউটার ব্যবহারে দক্ষতা; এবং<br>(গ) মন্ত্রণালয় বা বিভাগের সংযুক্ত অধিদপ্তর/পরিদপ্তর এবং দপ্তরের কমন পদ নিয়োগ বিধিমালা, ২০১৯ এর তফসিল-২ ও ৩ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ।<br>তফসিল-২ : লিখিত পরীক্ষা বাংলা-২০, ইংরেজী-২০, গণিত-১৫, সাধারণ জ্ঞান-১৫ মোট = ৭০ নম্বর।<br>পরীক্ষার সময়: ৯০ মিনিট।<br>মৌখিক পরীক্ষা- ৩০ নম্বর<br>তফসিল-৩ : পরীক্ষার বিষয়-সাঁটলিপি<br>ইংরেজীতে সর্বনিম্ন গতি প্রতি মিনিটে ৮০ শব্দ এবং বাংলায় ৫০ শব্দ। সময়: ইংরেজী ৫ মিনিট এবং বাংলা ৫ মিনিট।<br>পরীক্ষার বিষয়-কম্পিউটার মুদ্রাক্ষর : ইংরেজীতে সর্বনিম্ন গতি প্রতি মিনিটে ৩০ শব্দ এবং বাংলায় ২৫ শব্দ। সময়: ইংরেজী ১০ মিনিট এবং বাংলা ১০ মিনিট। | |
| ০৩. | সাঁটমুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর<br>গ্রেড-১৪<br>বেতন স্কেল-<br>১০২০০-২৪৬৮০ | ০২ | ঐ | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক বা সমমানের ডিগ্রি;<br>(খ) কম্পিউটার ব্যবহারে দক্ষতা; এবং<br>(গ) মন্ত্রণালয় বা বিভাগের সংযুক্ত অধিদপ্তর/পরিদপ্তর এবং দপ্তরের কমন পদ নিয়োগ বিধিমালা, ২০১৯ এর তফশিল-২ ও ৩ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ।<br>তফসিল-২ : লিখিত পরীক্ষা বাংলা-২০, ইংরেজী-২০, গণিত- | |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| | | | | ১৫, সাধারণ জ্ঞান-১৫ মোট = ৭০ নম্বর।<br>সময়: ৯০ মিনিট।<br>মৌখিক পরীক্ষা- ৩০ নম্বর<br>তফসিল-৩ : পরীক্ষার বিষয়-সাঁটলিপি :<br>ইংরেজীতে সর্বনিম্ন গতি প্রতি মিনিটে ৭০ শব্দ এবং বাংলায় ৪৫ শব্দ। সময়: ইংরেজী ৫ মিনিট এবং বাংলা ৫ মিনিট।<br>পরীক্ষার বিষয়-কম্পিউটার মুদ্রাক্ষর:<br>ইংরেজীতে সর্বনিম্ন গতি প্রতি মিনিটে ৩০ শব্দ এবং বাংলায় ২৫ শব্দ। সময়: ইংরেজী ১০ মিনিট এবং বাংলা ১০ মিনিট। | |
| ০৪. | অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক<br>গ্রেড-১৬<br>বেতন স্কেল-<br>৯৩০০-২২৪৯০ | ০৪ | ঐ | (ক) কোন স্বীকৃত বোর্ড হতে অন্যন দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএ-তে উচ্চমাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) কম্পিউটার ব্যবহারে দক্ষতা; এবং<br>(গ) মন্ত্রণালয় বা বিভাগের সংযুক্ত অধিদপ্তর/পরিদপ্তর এবং দপ্তরের কমন পদ নিয়োগ বিধিমালা, ২০১৯ এর তপশিল-২ ও ৪ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ।<br>তফসিল-২ : লিখিত পরীক্ষা বাংলা-২০, ইংরেজী-২০, গণিত-১৫, সাধারণ জ্ঞান-১৫ মোট = ৭০ নম্বর।<br>সময়: ৯০ মিনিট।<br>মৌখিক পরীক্ষা- ৩০ নম্বর<br>তফসিল-৪ পরীক্ষার বিষয়-কম্পিউটার মুদ্রাক্ষর :<br>ইংরেজি: সর্বনিম্ন গতি (প্রতি মিনিটে) ২০ শব্দ, সময়-১০ মিনিট।<br>বাংলা: সর্বনিম্ন গতি (প্রতি মিনিটে) ২০ শব্দ, সময়-১০ মিনিট। | |
| ০৫. | কম্পিউটার মুদ্রাক্ষরিক<br>গ্রেড-১৬<br>বেতন স্কেল-<br>৯৩০০-২২৪৯০ | ০২ | ঐ | (ক) কোন স্বীকৃত বোর্ড হতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএ-তে উচ্চমাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) কম্পিউটার ব্যবহারে দক্ষতা; এবং<br>(গ) মন্ত্রণালয় বা বিভাগের সংযুক্ত অধিদপ্তর/পরিদপ্তর এবং দপ্তরের কমন পদ নিয়োগ বিধিমালা, ২০১৯ এর তপশিল-২ ও ৪ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ।<br>তফসিল-২ : লিখিত পরীক্ষা বাংলা-২০, ইংরেজী-২০, গণিত-১৫, সাধারণ জ্ঞান-১৫ মোট = ৭০ নম্বর।<br>সময়-৯০ মিনিট।<br>মৌখিক পরীক্ষা- ৩০<br>তফসিল-৪ পরীক্ষার বিষয়-কম্পিউটার মুদ্রাক্ষর :<br>ইংরেজি: সর্বনিম্ন গতি (প্রতি মিনিটে) ২০ শব্দ, সময়-১০ মিনিট।<br>বাংলা: সর্বনিম্ন গতি (প্রতি মিনিটে) ২০ শব্দ, সময়-১০ মিনিট। | |

নিম্নবর্ণিত শর্তগুলি আবেদন ফরম পূরণের ক্ষেত্রে এবং পরীক্ষায় অংশগ্রহণের ক্ষেত্রে অত্যাবশ্যকীয়ভাবে অনুসরণীয়:

**আবেদন করার নিয়মাবলী/শর্তাবলী :**

১. ১০/০৬/২০২০ খ্রি. তারিখে সাধারণ প্রার্থী এবং উপজাতি কোটার ক্ষেত্রে বয়সসীমা ১৮-৩০ বছর। তবে বিভাগীয় প্রার্থীদের জন্য বয়সসীমা ৪০ বছর পর্যন্ত শিথিলযোগ্য। মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা এবং শারীরিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে বয়সসীমা ১৮-৩২ বছর। মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যার পুত্র কন্যার (নাতি-নাতনি) বয়সসীমা ১৮-৩০ বছর। বয়স প্রমাণের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য নয়।

২. বিভাগীয় প্রার্থীর সংজ্ঞা : বিভাগীয় প্রার্থী অর্থ এরুপ কর্মচারী যিনি সংশ্লিষ্ট অধিদপ্তর বা পরিদপ্তর বা দপ্তর এর রাজস্ব খাতে সৃষ্ট পদে অন্যূন ২ (দুই) বৎসর স্থায়ী বা অস্থায়ীভাবে চাকরিরত।

**৩. মৌখিক পরীক্ষার সময় কাগজপত্রের মূলকপি প্রদর্শনপূর্বক প্রতিটির ০১টি করে সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে-**

ক. গেজেটেড অফিসার কর্তৃক সত্যায়িত প্রার্থীর সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্র (প্রযোজ্য ক্ষেত্রে অভিজ্ঞতা সনদপত্রসহ)।

খ. সহকারি প্রশিক্ষক পদের ক্ষেত্রে বাংলাদেশ নার্সিং কাউন্সিল কর্তৃক রেজিস্ট্রেশন অবশ্যই দাখিল করতে হবে।

গ. গেজেটের কর্মকর্তা কর্তৃক সত্যায়িত সদ্যতোলা ৩(তিন) কপি পাসপোর্ট সাইজের রঙ্গিন ছবি।

ঘ. প্রার্থী যে ইউনিয়ন/পৌরসভা/ওয়ার্ড-এর স্থায়ী বাসিন্দা সে ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/কাউন্সিলর কর্তৃক প্রদত্ত নাগরিকত্বের সনদপত্রের সত্যায়িত কপি।

ঙ. মহিলা কোটা ব্যতীত অন্যান্য কোটা দাবীর সমর্থনে প্রার্থীকে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ/প্রমাণপত্রের সত্যায়িত ছায়ালিপি।

চ. শারীরিক প্রতিবন্ধী, এতিম, ক্ষুদ্র নৃ-গোষ্ঠী এবং আনসার ও ভিডিপি প্রার্থীদের ক্ষেত্রে সরকারের সর্বশেষ নীতিমালা অনুযায়ী উপযুক্ত কর্তৃপক্ষের সার্টিফিকেট এবং আবেদনকারী মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র/কন্যা বা পুত্র/কন্যার পুত্র/কন্যা হলে মুক্তিযোদ্ধার সনদপত্রের ফটোকপি দাখিল করতে হবে;

ছ. আবেদনকারী মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র/কন্যা বা পুত্র/কন্যার পুত্র/কন্যা হলে আবেদনকারীকে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র/কন্যা বা পুত্র/কন্যার পুত্র/কন্যা মর্মে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর/পৌরসভার মেয়র/পৌরসভার কাউন্সিলর কর্তৃক প্রদত্ত সনদের সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে;

জ. জাতীয় পরিচয়পত্র/জন্ম সনদের সত্যায়িত অনুলিপি।

ঝ. Online- এ পূরণকৃত আবেদনপত্রের কপি (Applicant's Copy)।

ঞ. প্রবেশ পত্রের অনুলিপি।

ট. সরকারি, আধা সরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের ছাড়পত্র।

৪. প্রার্থী কর্তৃক প্রদত্ত কোনো তথ্য বা দাখিলকৃত কাগজপত্র জাল, মিথ্যা বা ভুয়া প্রমাণিত হলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে সংশ্লিষ্ট প্রার্থীর প্রার্থীতা বাতিলসহ তার বিরুদ্ধে যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে। ভুল তথ্য/জাল কাগজপত্র প্রদর্শিত হলে পরীক্ষায় উত্তীর্ণ যেকোনো প্রার্থীর প্রার্থিতা বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

৫. সকল প্রার্থীকে অনলাইনে http://niport3.teletalk.com.bd ওয়েব সাইটে আবেদনপত্র পূরণ ও আবেদন ফি জমাদান করতে হবে। আবেদন শুরুর তারিখ ও সময় ১০/০৬/২০২০ খ্রি. সকাল ৯:০০টা এবং আবেদনের শেষ তারিখ ও সময় ৩০/০৭/২০২০ বিকাল ৫:০০টা।

৬. আবেদনকারীকে পরীক্ষার ফি ও টেলিটক এর সার্ভিস চার্জ বাবদ ১১২/- (একশত বার) টাকা অনধিক ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দিতে হবে।

৭. সরকারি নীতিমালা অনুযায়ী কোটা সংরক্ষণ করা হবে।

৮. উপরে উল্লেখ করা হয়নি কিন্তু প্রযোজ্যতা রয়েছে এমন ক্ষেত্রে জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক জারিকৃত বিধি-বিধান প্রযোজ্য হবে।

৯. নিয়োগ সংক্রান্ত যেকোনো বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

১০. এ বিজ্ঞপ্তি আংশিক বা সম্পূর্ণ সংশোধন/বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

১১. কর্তৃপক্ষ পদসংখ্যা হ্রাস বা বৃদ্ধি কর্তৃত্ব সংরক্ষণ করেন।

১২. বিজ্ঞপ্তি পত্রিকা ছাড়াও নিপোর্ট এর (www.niport.gov.bd) ওয়েবসাইটে পাওয়া যাবে।

১৩. লিখিত/মৌখিক/ব্যবহারিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোনো প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

**১৪. অনলাইনে আবেদনপত্র পূরণ সংক্রান্ত নিয়মাবলী ও শর্তাবলীঃ**

ক. ইচ্ছুক প্রার্থীগণ http://niport3.teletalk.com.bd ওয়েবসাইটে প্রবেশ করে আবেদন ফরম পূরণ করতে পারবেন। আবেদনের সময়সীমা নিম্নরূপ:-

i. Online-এ আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদান শুরুর তারিখ ও সময়: ১০/০৬/২০২০ খ্রি. সকাল ৯:০০ টা।

ii. Online-এ আবেদনপত্র পূরণের শেষ তারিখ ও সময়: ৩০/০৭/২০২০খ্রি খ্রি: বিকাল ৫:০০টা।

উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online-এ আবেদনপত্র Submit-এর সময় থেকে পরবর্তী ৭২(বাহাত্তর) ঘণ্টার মধ্যে SMS এর মাধ্যমে আবেদন ফি জমা দিতে পারবেন।

খ. Online-এ আবেদনপত্রে প্রার্থী তাঁর রঙ্গিন ছবি (দৈর্ঘ্য ৩০০xপ্রস্থ ৩০০) pixel ও স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০xপ্রস্থ ৮০) pixel স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন।

গ. Online-এ আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু Online-এ আবেদনপত্র Submit করার **পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সর্ম্পকে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।**

ঘ. প্রার্থী Online-এ পূরণকৃত আবেদনপত্রের একটি রঙ্গিন প্রিন্টকপি পরীক্ষা সংক্রান্ত যে কোন প্রয়োজনে সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন।

ঙ. SMS প্রেরণের নিয়মাবলী ও আবেদন ফি প্রদান: Online-এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা মতো ছবি এবং স্বাক্ষর upload করে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। নির্ভুলভাবে আবেদনপত্র Submit করা সম্পন্ন প্রার্থী একটি User ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's Copy পাবেন। উক্ত Applicant's Copy প্রার্থী Download পূর্বক রঙ্গিন প্রিন্ট করে সংরক্ষণ করবেন। Applicant's কপিতে একটি User ID নম্বর দেয়া থাকবে এবং User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন Teletalk pre-paid mobile নম্বরের মাধ্যমে ০২(দুই) টি SMS করে আবেদন ফি বাবদ ক্রমিক নং-১ থেকে ৬ নং পদের জন্য ১১২/-(একশত বার) টাকা অনধিক ৭২(বাহাত্তর) ঘণ্টার মধ্যে জমা দিবেন। **এখানে বিশেষভাবে উল্লেখ্য, 'Online-এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও আবেদন ফি জমা না দেয়া পর্যন্ত Online আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না'।**

প্রথম SMS: NIPORT3<space>User ID লিখে Send করতে হবে 16222 নম্বরে।
Example: NIPORT3 ABCDEF
Reply: Applicant's Name, Tk-112/--will be charged as application fee. Your PIN is 12345678. To pay feeType NIPORT3<Space>Yes<Space>PIN and send to 16222.

দ্বিতীয় SMS: NIPORT3<space>YES<Space>PIN লিখে Send করতে হবে 16222 নম্বরে।
Example: NIPORT3 YES 12345678

Reply: Congratulations Applicant's Name, payment completed successfully for NIPORT3 Application for <post name> User ID is (ABCDEF) and password (xxxxxx).

চ. **প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি http://niport3.teletalk.com.bd ওয়েবসাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS এর মাধ্যমে (শুধুমাত্র যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে। Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়।**

ছ. SMS-এ প্রেরিত User ID এবং Password **ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও স্থানের/কেন্দ্রের নাম ইত্যাদি তথ্য সম্বলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক রঙ্গিন Print করে নিবেন। প্রার্থী প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময় এবং লিখিত পরীক্ষায় উত্তীর্ণ হলে ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) ও মৌখিক পরীক্ষার সময় অবশ্যই প্রদর্শন করবেন।**

জ. শুধুমাত্র Teletalk pre-paid mobile ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং password পুনরুদ্ধার করতে পারবেন।

i. User ID জানা থাকলে NIPORT3<space>Help<space>User<space>User ID Send to 16222.
Example: NIPORT 3HELP USER ABCDEF & Send to 16222

ii. PIN Number জানা থাকলে: NIPORT3<space>Help<space> PIN<space>PIN No & Send to 16222.
Example: NIPORT3 HELP PIN 12345678 & Send to 16222

Ferdousi
09/04/2020
(সামিহা ফেরদৌসী)
উপপরিচালক (প্রশাসন)
নিপোর্ট এবং সদস্য সচিব
নিয়োগ কমিটি।

E/Sayid/Five category post Recruitment